

ডিপ্লোমা ইন ইসলামি ব্যাংকিং (DIB)

Part-I

Paper: 104- ব্যবস্থাপনার নীতি

First Edition: April 2025
Second Edition: October 2025
Third Edition: April 2026

This book is the result of the author's hard work and is protected by copyright. Any copying or sharing without permission is strictly prohibited by copyright law.

Written by:

Mohammad Samir Uddin, CFA

Chief Executive Officer

A Leading Asset Management Company

Former Principal Officer of EXIM Bank Limited

CFA Chartered from CFA Institute, U.S.A.

BBA, MBA (Major in finance) From Dhaka University

Qualified in Banking Diploma and Islami Banking Diploma

Course instructor: 10 Minute School of 96th BPE

Founder: MetaMentor Center, Unlock Your Potential Here.

Price: 350Tk.

For Order:

www.metamentorcenter.com

WhatsApp: 01310-474402

MetaMentor Center



Metamentor Center
Unlock Your Potential Here.

Table of Content

SL	Details	Page No.
1	মডিউল-এ: ব্যবস্থাপনার মৌলিক ধারণা	4-23
2	মডিউল-বি: ব্যবস্থাপনার ইসলামী ধারণা	24-36
3	মডিউল-সি: পরিবেশ	37-42
4	মডিউল-ডি: পরিকল্পনা	43-56
5	মডিউল-ই: সংগঠন	57-73
6	মডিউল-এফ: জনবল নিয়োগ ও ব্যবস্থাপনা	74-84
7	মডিউল-জি: তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ	85-94
8	মডিউল-এইচ: প্রেরণা	95-103
9	মডিউল-আই: নেতৃত্ব	104-111
10	মডিউল-জে: মানবসম্পদ ব্যবস্থাপনা	112-116
11	মডিউল-কে: ব্যবস্থাপনা তথ্য ব্যবস্থা (MIS)	117-120
12	পূর্ববর্তী বছরের প্রশ্নসমূহ	121-124

Suggestion

- *Read 4 star and 5 star marked chapter if you have time shortage to read all chapter.*
- *Must read short notes from all chapter.*
- *MetaMentor Center suggest to read whole note to find 100% common in exam. We cover everything in our note.*

Important	Details	Number of Question common in previous years
*****	মডিউল-এ: ব্যবস্থাপনার মৌলিক ধারণা	31
*****	মডিউল-বি: ব্যবস্থাপনার ইসলামী ধারণা	29
**	মডিউল-সি: পরিবেশ	10
*****	মডিউল-ডি: পরিকল্পনা	32
*****	মডিউল-ই: সংগঠন	33
*****	মডিউল-এফ: জনবল নিয়োগ ও ব্যবস্থাপনা	23
*****	মডিউল-জি: তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ	22
***	মডিউল-এইচ: প্রেরণা	15
*****	মডিউল-আই: নেতৃত্ব	20
**	মডিউল-জে: মানবসম্পদ ব্যবস্থাপনা	09
**	মডিউল-কে: ব্যবস্থাপনা তথ্য ব্যবস্থা (MIS)	09
*****All short note from all chapter and end of note*****		

Syllabus

- মডিউল-এ: ব্যবস্থাপনার মৌলিক ধারণা** – ব্যবস্থাপনা: সংজ্ঞা, প্রকৃতি, ক্ষেত্র, গুরুত্ব, উদ্দেশ্য, কার্যাবলি, তত্ত্ব, ব্যবস্থাপনা বিজ্ঞান, ব্যবস্থাপনা চিন্তার বিকাশ, ব্যবস্থাপনা বিশ্লেষণের ধরণ, ব্যবস্থাপনায় সিস্টেম পদ্ধতির প্রয়োগ।
- মডিউল-বি: ব্যবস্থাপনার ইসলামী ধারণা** – ক্ষেত্র, গুরুত্ব, প্রকৃতি, উদ্দেশ্য, মদিনায় নবী (সা.)-এর ব্যবস্থাপনা, ইসলামী ব্যবস্থাপনার মূলনীতি ও প্রক্রিয়া।
- মডিউল-সি: পরিবেশ** – ইসলামী দৃষ্টিকোণ থেকে ব্যবস্থাপনার সামাজিক দায়িত্ব, অভ্যন্তরীণ পরিবেশ, বহিঃপরিবেশ।
- মডিউল-ডি: পরিকল্পনা** – ইসলামী ধারণা, প্রকৃতি ও উদ্দেশ্য, পরিকল্পনার প্রকৃতি ও উদ্দেশ্য, উদ্দেশ্য, কৌশল ও নীতি, সিদ্ধান্ত গ্রহণ, কেস বিশ্লেষণ।
- মডিউল-ই: সংগঠন** – ইসলামী দৃষ্টিকোণ, সংগঠনের প্রকৃতি ও উদ্দেশ্য, মৌলিক বিভাগকরণ, লাইন ও স্টাফ, কর্তৃত্ব ও বিকেন্দ্রীকরণ, কমিটি ও দলীয় সিদ্ধান্ত গ্রহণ, সাংগঠনিক আচরণের মডেল ও সীমাবদ্ধতা।
- মডিউল-এফ: জনবল নিয়োগ ও ব্যবস্থাপনা** – জনবল নিয়োগের প্রকৃতি ও উদ্দেশ্য, নির্বাচন, কর্মদক্ষতা মূল্যায়ন, পরিবর্তন ও সাংগঠনিক উন্নয়ন।
- মডিউল-জি: তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ** – প্রকৃতি, ক্ষেত্র, তত্ত্বাবধানের পরিসর, ইসলামী দৃষ্টিকোণ থেকে তত্ত্বাবধায়কের দায়িত্ব, নিয়ন্ত্রণের ইসলামী অর্থ, নিয়ন্ত্রণের পদ্ধতি ও প্রক্রিয়া, উৎপাদনশীলতা ও কার্যক্রম ব্যবস্থাপনা, সামগ্রিক ও প্রতিরোধমূলক নিয়ন্ত্রণ, কেস বিশ্লেষণ।
- মডিউল-এইচ: প্রেরণা** – প্রেরণার মূল উৎস, কর্মীদের প্রেরণা প্রদান, চাকরির সন্তুষ্টি, সুদৃঢ় সাংগঠনিক পরিবেশ তৈরি।
- মডিউল-আই: নেতৃত্ব** – নেতৃত্বের ইসলামী ধারণা, দল গঠন ও এর প্রক্রিয়া, ইসলামে নেতৃত্ব বিকাশ, দিকনির্দেশনা, যোগাযোগ, কেস বিশ্লেষণ।
- মডিউল-জে: মানবসম্পদ ব্যবস্থাপনা** – কর্মী ব্যবস্থাপনার সংগঠন, মানবসম্পদ পরিকল্পনা, জনবল প্রয়োজনের হিসাব, জনবল নিয়োগ ও নির্বাচন, কর্মজীবন পরিকল্পনা, কর্মদক্ষতা মূল্যায়ন, মানবসম্পদ উন্নয়ন, চাপ ও দ্বন্দ্ব ব্যবস্থাপনা।
- মডিউল-কে: ব্যবস্থাপনা তথ্য ব্যবস্থা (MIS)** – শাখা পর্যায়ের উৎপাদনশীলতা, দক্ষতা ও লাভজনকতার ব্যবস্থাপনা, কর্মদক্ষতা মূল্যায়ন, নগর, আধা-নগর ও গ্রামীণ শাখার বিশেষ চাহিদা।

MetaMentor Center

মডিউল-এ :

মৌলিক ব্যবস্থাপনা ধারণা

প্রশ্ন-০১। ব্যবস্থাপনা সংজ্ঞায়িত কর। ব্যবস্থাপনা চক্র কীভাবে কাজ করে? (অক্টোবর-২০২৩, নভেম্বর-২০২৪)

অথবা, ব্যবস্থাপনা চক্র কী? (এপ্রিল-২০১৮, নভেম্বর-২০২২)

ব্যবস্থাপনার সংজ্ঞা: ব্যবস্থাপনা হলো মানব ও স্বাবর সম্পদকে একত্রিত করে কাজক্ষিত ফলাফলে রূপান্তরের প্রক্রিয়া। লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পনা, সংগঠন, সমন্বয় এবং নিয়ন্ত্রণের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা। ব্যবস্থাপনা একটি গতিশীল ও সামাজিক প্রক্রিয়া যা প্রতিষ্ঠানের লক্ষ্য অনুযায়ী কার্যক্রম নিশ্চিত করে। এটি ব্যবস্থাপনার সকল স্তরে প্রযোজ্য এবং বিপণন বা অর্থায়নের মতো কার্যকরী ক্ষেত্র থেকে পৃথক।

ব্যবস্থাপনা চক্র: ব্যবস্থাপনা চক্র হলো এমন কিছু ধাপের সমষ্টি যা ব্যবস্থাপকরা কার্যক্রম পরিচালনা ও সাংগঠনিক লক্ষ্য অর্জনের জন্য অনুসরণ করেন। সাধারণত এটি চারটি প্রধান ধাপ নিয়ে গঠিত—

- I. **পরিকল্পনা (Planning):** লক্ষ্য নির্ধারণ এবং তা অর্জনের সর্বোত্তম উপায় নির্বাচন।
- II. **সংগঠন (Organizing):** সম্পদ ও কাজকে সুসংগঠিতভাবে সাজানো, যাতে কার্যক্রম দক্ষতার সঙ্গে সম্পন্ন হয়।
- III. **নেতৃত্ব প্রদান (Leading):** কর্মীদের অনুপ্রাণিত করা ও দিকনির্দেশনা দেওয়া, যাতে তারা প্রতিষ্ঠানের লক্ষ্য পূরণে কার্যকরভাবে কাজ করে।
- IV. **নিয়ন্ত্রণ (Controlling):** কার্যক্রমের অগ্রগতি ও ফলাফল পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা, যাতে লক্ষ্য অর্জিত হচ্ছে কিনা নিশ্চিত করা যায় এবং প্রয়োজনে সংশোধনী পদক্ষেপ নেওয়া যায়।

এই চক্রটি ধারাবাহিকভাবে চলতে থাকে। নিয়ন্ত্রণ পর্যায়ের ফলাফল আবার পরিকল্পনা পর্যায়ে প্রতিফলিত হয়, ফলে প্রতিষ্ঠানের কার্যক্রমে ক্রমাগত উন্নয়ন সম্ভব হয়।

প্রশ্ন-০২: “ব্যবস্থাপনা বলতে সমস্যা সমাধান ও সিদ্ধান্ত গ্রহণকেই বোঝায়” – উদাহরণসহ ব্যাখ্যা করো। (এপ্রিল-২০২৪)

ব্যবস্থাপনা (Management) মূলত এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনার পথে উদ্ভূত সমস্যাগুলো চিহ্নিত করে কার্যকর সমাধান বের করা এবং সঠিক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে লক্ষ্য অর্জনের পথ সুগম করা হয়।

- **সমস্যা সমাধান (Problem Solving):** ব্যবস্থাপকের প্রধান কাজ হলো প্রতিষ্ঠানের ভেতরে যেকোনো সমস্যা সনাক্ত করা এবং তার কার্যকর সমাধান খুঁজে বের করা।
- **সিদ্ধান্ত গ্রহণ (Decision Making):** ব্যবস্থাপনা প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ ধাপ হলো লক্ষ্য অর্জনের জন্য বিকল্পগুলোর মধ্যে থেকে সর্বোত্তমটি নির্বাচন করা।

এই দুটি কার্যক্রম প্রতিষ্ঠানের লক্ষ্যকে সহজে ও দক্ষতার সাথে অর্জন করতে সাহায্য করে।

উদাহরণ:

ধরা যাক, একটি ব্যাংক শাখায় দীর্ঘ লাইনের কারণে গ্রাহকরা ভোগান্তিতে পড়ছে। তখন ব্যবস্থাপকের করণীয় –

1. **সমস্যা শনাক্ত (Problem Solving):** যেমন – সেবাদান ধীরগতি, পর্যাপ্ত কর্মীর অভাব ইত্যাদি কারণ খুঁজে বের করতে হবে।
2. **সিদ্ধান্ত গ্রহণ (Decision Making):** এরপর সিদ্ধান্ত নিতে হবে – নতুন কাউন্টার চালু করা হবে কি না, নাকি কর্মীদের প্রশিক্ষণ উন্নত করা হবে।

এই উদাহরণ থেকে বোঝা যায়, একজন ব্যবস্থাপকের প্রধান দায়িত্ব হলো প্রতিদিনের সমস্যাগুলোর সমাধান করা এবং সঠিক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে প্রতিষ্ঠানের কার্যক্রম সচল রাখা।

সঠিক সময়ে সমস্যা সমাধান ও সিদ্ধান্ত গ্রহণ না হলে কোনো প্রতিষ্ঠানই কার্যকরভাবে পরিচালিত হতে পারে না।

প্রশ্ন-০৩: “ব্যবস্থাপনা বিভিন্ন মানুষের কাছে বিভিন্ন অর্থ বহন করে” – উদাহরণসহ ব্যাখ্যা করো। (মে-২০২২)

ব্যবস্থাপনা (Management) একটি বিস্তৃত ধারণা, যা ভিন্ন ভিন্ন মানুষের কাছে ভিন্ন অর্থে ব্যবহৃত হয়। ব্যক্তি বা প্রতিষ্ঠানের অবস্থান, ভূমিকা এবং উদ্দেশ্যের ওপর ভিত্তি করে ব্যবস্থাপনার অর্থ ও গুরুত্ব পরিবর্তিত হয়। নিচে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে এর ব্যাখ্যা দেওয়া হলো—

1. **ব্যবসায়িক দৃষ্টিকোণ (Business Perspective):** একজন ব্যবসায়ীর কাছে ব্যবস্থাপনা মানে হলো মুনাফা অর্জন, ব্যবসার বৃদ্ধি এবং বাজারে সাফল্য অর্জন।
2. **কর্মচারীর দৃষ্টিকোণ (Employee View):** কর্মচারীরা ব্যবস্থাপনাকে দেখে দিকনির্দেশনা, সহায়তা এবং কর্মক্ষেত্রে ন্যায্য আচরণের উৎসাহী হয়।

- 3. মানবসম্পদ দৃষ্টিকোণ (HR Focus):** মানবসম্পদ ব্যবস্থাপকের কাছে এটি কর্মী নিয়োগ, প্রশিক্ষণ এবং দক্ষতা নিশ্চিত করার প্রক্রিয়া।
- 4. গ্রাহকের দৃষ্টিকোণ (Customer Outlook):** গ্রাহকদের কাছে ব্যবস্থাপনা মানে মানসম্মত সেবা প্রদান ও সময়মতো সহায়তা পাওয়া।
- 5. সরকারি দৃষ্টিকোণ (Government Angle):** নিয়ন্ত্রক সংস্থার কাছে ব্যবস্থাপনা মানে আইন ও নিয়ম মেনে প্রতিষ্ঠান পরিচালনা করা।

উদাহরণ:

বিদ্যালয়ের একজন শিক্ষক ব্যবস্থাপনাকে শ্রেণিকক্ষ সংগঠনের প্রক্রিয়া হিসেবে দেখেন, অন্যদিকে প্রধান শিক্ষক সেটিকে পুরো বিদ্যালয়ের পরিকল্পনা, নিয়ন্ত্রণ এবং শৃঙ্খলা রক্ষার প্রক্রিয়া হিসেবে দেখেন।

এটি প্রমাণ করে যে ব্যবস্থাপনা একটি বিস্তৃত ধারণা, যার অর্থ ও প্রয়োগ ভিন্ন ব্যক্তির ভূমিকা ও লক্ষ্যের ওপর নির্ভর করে পরিবর্তিত হয়।

প্রশ্ন-০৪: “ব্যবস্থাপনা হলো এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে একটি পরিবেশ নকশা ও রক্ষণাবেক্ষণ করা হয় যেখানে ব্যক্তি ও দল একসাথে কার্যকরভাবে এবং দক্ষতার সাথে নির্দিষ্ট লক্ষ্য অর্জন করে” – উক্তিটি ব্যাখ্যা করো। (মে-২০২২)

ব্যবস্থাপনা এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে একটি উপযুক্ত কর্মপরিবেশ তৈরি ও বজায় রাখা হয়, যাতে মানুষ একত্রে থেকে সহজ ও সফলভাবে নির্দিষ্ট লক্ষ্য অর্জন করতে পারে। এর প্রধান দিকগুলো হলো —

- 1. পরিবেশ তৈরি (Designing Environment):** ব্যবস্থাপনা এমন পরিকল্পনা, কাঠামো ও পদ্ধতি গঠন করে যাতে সবাই জানে কী করতে হবে এবং কীভাবে করতে হবে।
- 2. শৃঙ্খলা বজায় রাখা (Maintaining Order):** এটি কাজের সূচু প্রবাহ নিশ্চিত করে, নিয়মিত নির্দেশনা দেয় এবং সমস্যার সমাধান করে।
- 3. একসাথে কাজ করা (Working Together):** ব্যবস্থাপনা ব্যক্তিদের দলগতভাবে কাজ করতে সহায়তা করে যাতে সবাই একই লক্ষ্য অর্জনের দিকে এগিয়ে যায়।
- 4. লক্ষ্য অর্জন (Achieving Goals):** এটি নিশ্চিত করে যে কাজ সময়মতো শেষ হচ্ছে এবং কম সম্পদ ব্যবহার করেই বেশি ফল পাওয়া যাচ্ছে।

উদাহরণ: একটি ব্যাংকে ব্যবস্থাপক কর্মীদের কাজ ভাগ করে দেন, লক্ষ্য নির্ধারণ করেন এবং প্রতিদিনের কার্যক্রম তত্ত্বাবধান করেন যাতে শাখার কাজ সূচুভাবে সম্পন্ন হয়।

প্রশ্ন-০৫: “একজন ব্যবস্থাপককে অবশ্যই কর্মীদের নেতা হতে হবে” – তুমি কি একমত? যুক্তি দাও। (মে-২০২২)

অথবা, “একজন সফল ব্যবস্থাপক একজন ভালো নেতা” – তুমি কি একমত? (এপ্রিল-২০২৪)

হ্যাঁ, আমি একমত। একজন সফল ব্যবস্থাপকের জন্য নেতৃত্ব গুণ থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ —

- 1. প্রেরণা প্রদান (Motivation):** একজন নেতা কর্মীদের উৎসাহিত করে এবং তাদের সর্বোচ্চ প্রচেষ্টা দিতে সাহায্য করে।
- 2. দিকনির্দেশনা (Guidance):** একজন নেতা কর্মীদের সঠিক দিকনির্দেশনা দেয় এবং পথ দেখায়।
- 3. বিশ্বাস স্থাপন (Trust Building):** নেতৃত্ব ব্যবস্থাপক ও কর্মীদের মধ্যে পারস্পরিক বিশ্বাস গড়ে তোলে।
- 4. দলগত কাজ (Teamwork):** একজন ভালো নেতা দলগত সহযোগিতা বৃদ্ধি করে এবং সংঘাত কমায়।
- 5. লক্ষ্য অর্জন (Goal Achievement):** নেতৃত্ব নিশ্চিত করে যে সবাই একই লক্ষ্য অর্জনের জন্য একসাথে কাজ করছে।

উদাহরণ: একটি ব্যাংকে যদি ব্যবস্থাপক নেতৃত্বের ভূমিকা পালন করেন, তাহলে কর্মীরা আনন্দের সাথে ও দক্ষতার সাথে কাজ সম্পন্ন করে যা প্রতিষ্ঠানের সাফল্য নিশ্চিত করে।

প্রশ্ন-০৬: “একজন শাখা ব্যবস্থাপক কার্যকর হতে পারেন কিন্তু দক্ষ নাও হতে পারেন” – পক্ষে বা বিপক্ষে যুক্তি দাও। (October-2019)

হ্যাঁ, এটি সম্ভব। একজন ব্যবস্থাপক লক্ষ্য অর্জন করতে পারেন কিন্তু বেশি সময়, শ্রম বা খরচ ব্যবহার করার কারণে তাকে দক্ষ বলা যায় না।

যুক্তিসমূহ:

- 1. লক্ষ্য অর্জিত হলেও অপচয় করে (Goal Achieved but Wasteful):** লক্ষ্য পূরণ হয়েছে, কিন্তু অতিরিক্ত কর্মী বা খরচ ব্যবহার হয়েছে।
- 2. সিদ্ধান্ত নিতে দেরি করে (Delayed Decisions):** কাজ সম্পন্ন হয়েছে, কিন্তু সময় বেশি লেগেছে।

3. সম্পদের অপব্যবহার করে (Poor Resource Use): অর্থ, সময় বা উপকরণ সঠিকভাবে ব্যবহার না করার ফলে খরচ বেড়েছে।

উদাহরণ: একজন ব্যবস্থাপক ১০০টি নতুন হিসাব খুলতে সক্ষম হয়েছেন, কিন্তু এর জন্য প্রয়োজনের তুলনায় বেশি কর্মী ব্যবহার করেছেন।
সংক্ষেপে: কার্যকারিতা (Effectiveness) মানে সঠিক কাজ করা এবং দক্ষতা (Efficiency) মানে কম সময় ও খরচে কাজ সম্পন্ন করা। একজন ভালো ব্যবস্থাপকের উচিত দুটোকেই গুরুত্ব দেওয়া।

প্রশ্ন-০৭: ব্যাংকের ম্যানেজার কাকে বলা হয়? তুমি কি মনে করো এমডি একজন ম্যানেজার? যুক্তিসহ ব্যাখ্যা কর। (অক্টোবর-২০১৯).

ব্যাংকের ম্যানেজার (Manager) বলতে এমন একজন ব্যক্তিকে বোঝায় যিনি প্রতিষ্ঠানের নীতি ও পরিকল্পনা অনুযায়ী কর্মীদের পরিচালনা করেন, সিদ্ধান্ত নেন, কার্যক্রম সমন্বয় করেন এবং নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য সংগঠনের সম্পদ ব্যবহার করেন। তিনি কর্মীদের কাজের দিকনির্দেশনা দেন, কার্যক্রম তত্ত্বাবধান করেন এবং ব্যাংকের উদ্দেশ্য সফলভাবে বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। শাখা ব্যবস্থাপক থেকে শুরু করে বিভাগীয় প্রধান, এমনকি উর্ধ্বতন কর্মকর্তারাও বিভিন্ন স্তরে ব্যবস্থাপকের ভূমিকা পালন করেন।

এখন প্রশ্ন হলো, এমডি (Managing Director) কি একজন ম্যানেজার? এর উত্তরে বলা যায় —

পক্ষে যুক্তি (Arguments For):

- 1. লক্ষ্য অর্জনের দায়িত্ব (Goal Achievement):** এমডি ব্যাংকের সর্বোচ্চ কর্মকর্তা হিসেবে প্রতিষ্ঠানের লক্ষ্য পূরণের দায়িত্ব পালন করেন এবং এর জন্য সিদ্ধান্ত নেন।
- 2. নীতি বাস্তবায়ন (Policy Implementation):** তিনি ব্যাংকের নীতি ও কৌশল বাস্তবায়ন করেন এবং এর অগ্রগতি তদারকি করেন।
- 3. সম্পদ ব্যবস্থাপনা (Resource Management):** এমডি মানবসম্পদ, অর্থ এবং অন্যান্য সম্পদের সঠিক ব্যবহারের দায়িত্ব পালন করেন।
- 4. দিকনির্দেশনা প্রদান (Guidance):** তিনি শাখা ব্যবস্থাপক ও অন্যান্য কর্মকর্তাদের নির্দেশনা দেন এবং তাদের কাজ তত্ত্বাবধান করেন।

বিপক্ষে যুক্তি (Arguments Against):

- 1. শীর্ষ ব্যবস্থাপনা ভূমিকা (Top-Level Role):** এমডি সরাসরি দৈনন্দিন কাজ পরিচালনা না করে নীতি নির্ধারণ ও কৌশলগত সিদ্ধান্তে বেশি ভূমিকা রাখেন।
- 2. ইসলামী ব্যবস্থাপনা দৃষ্টিকোণ (Islamic Perspective):** ইসলামী ব্যবস্থাপনা মতে, একজন প্রকৃত ব্যবস্থাপকের উচিত লক্ষ্য অর্জনের পাশাপাশি নৈতিক ও টেকসই পদ্ধতিতে সম্পদের ব্যবহার নিশ্চিত করা। অতিরিক্ত ব্যয় বা অপচয় ইসলামি ব্যবসায় নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

সংক্ষেপে: এমডি ব্যাংকের সর্বোচ্চ পর্যায়ের ব্যবস্থাপক হিসেবে প্রতিষ্ঠান পরিচালনায় নেতৃত্ব দেন এবং ব্যবস্থাপকের মৌলিক ভূমিকা পালন করেন। তাই একজন ম্যানেজারকে শাখা বা বিভাগীয় ব্যবস্থাপকের তুলনায় অনেক বেশি কৌশলগত ও নীতি-নির্ধারণমূলক বলা যায়।

প্রশ্ন-০৮: ব্যবস্থাপনাকে দক্ষতা অর্জনের বিজ্ঞান বলা হয় কেন? (অক্টোবর-২০১৯).

ব্যবস্থাপনাকে দক্ষতা অর্জনের বিজ্ঞান বলা হয় কারণ এটি পরিকল্পিত ও সংগঠিত উপায়ে কাজ সম্পাদনের মাধ্যমে সর্বোচ্চ ফলাফল অর্জনের পথ দেখায়। ব্যবস্থাপনা শুধুমাত্র সিদ্ধান্ত গ্রহণ বা কাজ পরিচালনা নয়, এটি একটি বৈজ্ঞানিক পদ্ধতি যা কম সময়, কম খরচ ও কম শ্রমে সর্বাধিক ফলাফল অর্জনের দিকে মনোযোগ দেয়। এর কারণগুলো নিচে দেওয়া হলো —

- 1. পদ্ধতিগত দৃষ্টিভঙ্গি (Systematic Approach):** ব্যবস্থাপনা পরীক্ষিত নীতি ও নিয়ম ব্যবহার করে কাজকে আরও কার্যকর ও সুসংগঠিত করে।
- 2. সম্পদের সর্বোত্তম ব্যবহার (Resource Optimization):** এটি কম সময়, অর্থ ও শ্রম ব্যবহার করে সর্বাধিক ফলাফল অর্জনের দিকে মনোযোগ দেয়।
- 3. অপচয় হ্রাস (Waste Reduction):** অপ্রয়োজনীয় খরচ ও অদক্ষতা দূর করতে কার্যকর কৌশল প্রয়োগ করে।
- 4. উৎপাদনশীলতা বৃদ্ধি (Productivity Focus):** কাজের পদ্ধতি উন্নত করে সামগ্রিক কর্মদক্ষতা বাড়ায়।
- 5. লক্ষ্যভিত্তিক কাজ (Goal-Oriented):** প্রতিটি কার্যক্রমকে এমনভাবে পরিচালনা করে যাতে তা প্রতিষ্ঠানের লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ থাকে।
- 6. সর্বজনীন প্রয়োগ (Universal Application):** ব্যবসা, সরকারী বা বেসরকারি—সব ধরনের প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা কার্যকরভাবে প্রয়োগ করা যায়।

7. **নিরবচ্ছিন্ন উন্নতি (Continuous Improvement):** এটি নিয়মিতভাবে প্রক্রিয়াগুলো মূল্যায়ন করে ও উন্নত করে আরও ভালো ফলাফল অর্জনের পথ তৈরি করে।

8. **পরিমাপযোগ্য ফলাফল (Measurable Outcomes):** কর্মদক্ষতা মাপার মাধ্যমে অগ্রগতি ও উন্নতি নির্ণয় করে।

পরিশেষে বলা যায়, ব্যবস্থাপনা একটি বৈজ্ঞানিক প্রক্রিয়া যা পদ্ধতিগতভাবে কাজ সম্পাদন, সম্পদের সর্বোত্তম ব্যবহার, অপচয় কমানো এবং উৎপাদনশীলতা বৃদ্ধি করার মাধ্যমে লক্ষ্য অর্জনের দক্ষতা নিশ্চিত করে। এ কারণেই একে দক্ষতা অর্জনের বিজ্ঞান বলা হয়।

প্রশ্ন-০৯: Multiplicity of objectives বলতে কী বোঝায়? ইসলামী ব্যাংকের লক্ষ্যসমূহ কীভাবে নির্ধারণ করা যায়? লক্ষ্যক্রম ধারণা (Hierarchy of Objectives) অনুযায়ী ব্যাখ্যা করো। (অক্টোবর-২০১৯).

অথবা, একটি প্রতিষ্ঠানের বহুমুখী উদ্দেশ্য বলতে কী বোঝায়? একটি উদাহরণ দিন। ব্যাংকে কীভাবে প্রতিষ্ঠানের উদ্দেশ্য নির্ধারণ করা হয়? ব্যাখ্যা করুন। (নভেম্বর-২০২৫)

Multiplicity of objectives বলতে বোঝায় একটি প্রতিষ্ঠানের একাধিক লক্ষ্য থাকা যা কখনও কখনও একে অপরের সঙ্গে প্রতিযোগিতামূলক হতে পারে এবং যেগুলোকে সমন্বয় করে এগিয়ে নিতে হয়। প্রচলিত ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রধান লক্ষ্য যেখানে শুধু লাভ সর্বাধিককরণ সেখানে ইসলামী ব্যাংক ধর্মীয়, নৈতিক, সামাজিক এবং অর্থনৈতিক লক্ষ্যগুলোকেও সমান গুরুত্ব দেয়।

ইসলামী ব্যাংকের বহুমাত্রিক লক্ষ্যসমূহ:

1. **ধর্মীয় লক্ষ্য (Religious Goals):** শরিয়াহ মেনে চলা, সুদ এড়ানো এবং নৈতিক বিনিয়োগ নিশ্চিত করা।
2. **আর্থিক লক্ষ্য (Money Goals):** হালাল উপায়ে মুনাফা অর্জন করা এবং ব্যাংকের কার্যক্রম অব্যাহত রাখা।
3. **সামাজিক লক্ষ্য (People Goals):** সমাজের উন্নয়নে অবদান রাখা এবং গ্রাহকদের প্রতি ন্যায্য আচরণ নিশ্চিত করা।
4. **বিকাশমূলক লক্ষ্য (Growth Goals):** অর্থনীতির অগ্রগতিতে সহায়তা করা এবং সং ব্যবসায়িক কার্যক্রমকে সমর্থন করা।

লক্ষ্যক্রম ধারণা (Hierarchy of Objectives) অনুযায়ী লক্ষ্য নির্ধারণ

১. **সর্বোচ্চ স্তর – সর্বপ্রথম করণীয় (Top Level):**

- সর্বক্ষেত্রে আল্লাহর বিধান মানা।
- ইসলামী নীতিমালা কখনো লঙ্ঘন না করা।

২. **দ্বিতীয় স্তর – গুরুত্বপূর্ণ ব্যবসায়িক লক্ষ্য (Second Level):**

- ব্যাংক পরিচালনার জন্য পর্যাপ্ত হালাল আয় নিশ্চিত করা।
- যাকাত ও অন্যান্য সামাজিক পদ্ধতির মাধ্যমে দরিদ্রদের সহায়তা করা।

৩. **তৃতীয় স্তর – দৈনন্দিন কার্যক্রম সম্পর্কিত লক্ষ্য (Third Level):**

- শরিয়াহ-সম্মত পণ্য তৈরি করা, যেমন মুনাফা ভাগাভাগি হিসাব।
- গ্রাহকদের সন্তুষ্টি ও নিরাপত্তা নিশ্চিত করা।

৪. **চতুর্থ স্তর – কর্মীদের লক্ষ্য (Bottom Level):**

- কর্মীদের ইসলামী অর্থব্যবস্থায় প্রশিক্ষণ দেওয়া।
- অর্থ ও সময়ের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা।

প্রশ্ন-১০: “ব্যবস্থাপনার ধারণা, নীতি ও নীতিমালা আকার বা প্রকৃতি নির্বিশেষে সব প্রতিষ্ঠানে একইভাবে প্রয়োগ করা যায়” – উক্তিটি

ব্যবস্থাপনার সার্বজনীনতা (Universalism of Management Concept) দ্বারা ব্যাখ্যা করো। (অক্টোবর-২০১৯)

ব্যবস্থাপনার সার্বজনীনতা বলতে বোঝায় যে যেকোনো প্রতিষ্ঠানের আকার, প্রকৃতি বা লক্ষ্য যাই হোক না কেন, ব্যবস্থাপনার মৌলিক ধারণা ও নীতিমালা সর্বত্র একইভাবে প্রযোজ্য তা নিশ্চিত করা। পরিকল্পনা, সংগঠন, নেতৃত্ব ও নিয়ন্ত্রণ – এই মৌলিক ধাপগুলো ছোট ব্যবসা থেকে শুরু করে বৃহৎ প্রতিষ্ঠান, লাভজনক থেকে অলাভজনক সব ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ।

উদাহরণ:

- একটি ছোট দোকান এবং একটি বড় ব্যাংক উভয়কেই বাজেট পরিকল্পনা, কর্মী সংগঠন এবং কর্মক্ষমতা তত্ত্বাবধান করতে হয়।
- একটি বিদ্যালয় এবং একটি হাসপাতাল উভয়ের ক্ষেত্রে তাদের লক্ষ্য আলাদা হলেও উভয়ের জন্য নেতৃত্ব নীতিমালা ও সঠিক ব্যবস্থাপনা প্রয়োজন।

ব্যবস্থাপনার সার্বজনীনতার কারণ:

1. **একই মৌলিক কার্যাবলি (Same Core Functions):** সব প্রতিষ্ঠানকেই কার্যকারিতা ও লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পনা, সংগঠন, নেতৃত্ব ও নিয়ন্ত্রণ প্রয়োগ করতে হয়।

- 2. সহজে প্রয়োগযোগ্য পদ্ধতি (Adaptable Tools):** দায়িত্ব অর্পণ, প্রেরণা বা তত্ত্বাবধানের মতো পদ্ধতি সবখানেই ব্যবহার করা যায়।
- 3. সংগঠিত প্রক্রিয়া (Structured Processes):** ব্যবস্থাপনার নীতিমালা সব প্রতিষ্ঠানে কার্যক্রমকে সুসংগঠিত ও সুষ্ঠু করে তোলে।

পরিশেষে বলা যায়, প্রতিষ্ঠানের ধরন, আকার বা লক্ষ্য ভিন্ন হলেও ব্যবস্থাপনার মূল নীতিগুলো সবক্ষেত্রেই কার্যকর এবং অপরিহার্য।

প্রশ্ন-১১: ব্যবস্থাপনার মৌলিক কার্যাবলি আলোচনা করো। (অক্টোবর-২০২১)

ব্যবস্থাপনার মূল কাজগুলো হলো সংগঠনের লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় ধাপগুলো ধারাবাহিকভাবে সম্পাদন করা। প্রধান কার্যাবলি নিম্নরূপ

- 1. পরিকল্পনা (Planning):** কী করা হবে এবং কীভাবে করা হবে তা নির্ধারণ করা।
- 2. সংগঠন (Organizing):** কাজ, সম্পদ ও দায়িত্ব সঠিকভাবে ভাগ করে দেওয়া।
- 3. জনবল নিয়োগ (Staffing):** উপযুক্ত কর্মী নিয়োগ, প্রশিক্ষণ এবং ধরে রাখা।
- 4. নেতৃত্ব প্রদান (Leading):** কর্মীদের অনুপ্রাণিত করা, দিকনির্দেশনা দেওয়া এবং সংঘাত নিরসন করা।
- 5. নিয়ন্ত্রণ (Controlling):** কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ এবং প্রয়োজনে সংশোধন করা।
- 6. সমন্বয় (Coordinating):** সব বিভাগ ও কাজকে সমন্বিত করে একসাথে পরিচালিত করা।

উদাহরণ: একটি রেস্টুরেন্টে প্রথমে মেনু পরিকল্পনা করা হয়, তারপর রান্নাঘর সংগঠিত হয়, কর্মী নিয়োগ ও প্রশিক্ষণ দেওয়া হয়, নেতৃত্বের মাধ্যমে কাজ পরিচালিত হয়, খাদ্যের মান নিয়ন্ত্রণ করা হয় এবং রান্নাঘর ও সার্ভিস বিভাগের মধ্যে সমন্বয় রাখা হয়।

প্রশ্ন-১২: কোন পরিস্থিতিতে পরিকল্পনাকে যেকোনো প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার মূল ফাংশন (Mother Function) হিসেবে গণ্য করা হয়? (অক্টোবর-২০১৯)

পরিকল্পনাকে ব্যবস্থাপনার মূল ফাংশন বলা হয় কারণ এটি সকল ব্যবস্থাপনাগত কার্যক্রমের ভিত্তি হিসেবে কাজ করে। পরিকল্পনা ছাড়া সংগঠন, নিয়োগ, নেতৃত্ব বা নিয়ন্ত্রণের মতো অন্যান্য কাজ কার্যকরভাবে সম্পাদন করা সম্ভব নয়।

পরিস্থিতিগুলো যেখানে পরিকল্পনা অপরিহার্য:

- 1. নতুন প্রকল্প (Starting New Projects):** যেকোনো প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু হয় পরিকল্পনা দিয়ে। পরিকল্পনা ছাড়া কার্যক্রমের সঠিক দিক নির্ধারণ করা যায় না।
- 2. সংকট বা পরিবর্তনের সময় (Crisis or Change):** বাজার পরিবর্তন বা সমস্যার সময় নতুন কৌশল নির্ধারণের জন্য পরিকল্পনা প্রয়োজন।
- 3. লক্ষ্য নির্ধারণে (Goal Setting):** বিক্রয়, মুনাফা বা সম্প্রসারণের মতো লক্ষ্যগুলো প্রথমে পরিকল্পনার মাধ্যমে নির্ধারিত হয়।
- 4. সম্পদ বন্টনে (Resource Allocation):** অর্থ, সময় ও শ্রম কোথায় ব্যবহৃত হবে তা ঠিক করার জন্য পরিকল্পনা আগে করতে হয়।

উদাহরণ: একটি নতুন বিদ্যালয় চালু করার আগে পাঠ্যক্রম, বাজেট এবং কর্মী পরিকল্পনা করা হয়। আবার একটি কোম্পানি লোকসানে পড়লে নতুন কৌশল নির্ধারণের জন্য পরিকল্পনা তৈরি করে।

প্রশ্ন-১৩: কৌশলগত পরিকল্পনার (Strategic Plan) বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো। (এপ্রিল-২০১৮)

কৌশলগত পরিকল্পনা হলো একটি প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি পরিকল্পনা যা ভবিষ্যতের দিকনির্দেশনা নির্ধারণ করে এবং সংগঠনের প্রধান লক্ষ্য অর্জনের পথ তৈরি করে। এটি দৈনন্দিন কাজ নয় বরং দীর্ঘমেয়াদে প্রতিষ্ঠানের অবস্থান ও সাফল্য নির্ধারণের সাথে সম্পর্কিত। এর প্রধান বৈশিষ্ট্যগুলো হলো —

- 1. দীর্ঘমেয়াদি দৃষ্টিভঙ্গি (Long-Term Focus):** সাধারণত ৩ থেকে ৫ বছর বা তার বেশি সময়ের জন্য পরিকল্পনা তৈরি করা হয়।
- 2. বৃহত্তর লক্ষ্য নির্ধারণ (Big-Picture Goals):** প্রতিষ্ঠানের বড় ধরনের প্রবৃদ্ধি, বাজার সম্প্রসারণ বা গুরুত্বপূর্ণ পরিবর্তনের লক্ষ্য স্থির করা হয়।
- 3. সম্পদ ব্যবহারের পরিকল্পনা (Resource Allocation):** অর্থ, জনবল ও সময় কীভাবে ব্যবহার করা হবে তার পরিকল্পনা তৈরি করা হয়।
- 4. নমনীয়তা (Flexible):** প্রতিযোগিতা বা বাজারের নতুন পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রেখে পরিকল্পনা পরিবর্তনের সুযোগ রাখা হয়।

5. **উচ্চপর্যায়ের অংশগ্রহণ (Top-Level Input):** প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ের কর্মকর্তারা, যেমন ব্যবস্থাপনা পরিচালক বা বোর্ড সদস্যরা, এই পরিকল্পনা তৈরি করেন।
6. **পরিমাপযোগ্য লক্ষ্য (Measurable):** নির্দিষ্ট ও পরিমাপযোগ্য সাফল্যের সূচক নির্ধারণ করা হয়, যেমন ২০২৭ সালের মধ্যে বাজারে ২০% শেয়ার অর্জন।

উদাহরণ: একটি প্রযুক্তি কোম্পানি কৌশলগত পরিকল্পনায় উল্লেখ করতে পারে –

- ২০৩০ সালের মধ্যে ৩টি নতুন দেশে ব্যবসা সম্প্রসারণ করা।
- বাজেটের ৩০% কৃত্রিম বুদ্ধিমত্তা গবেষণায় বিনিয়োগ করা।

প্রশ্ন-১৪: এফ. ডব্লিউ. টেলরকে ‘বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক’ বলা হয় – আলোচনা করো।

এফ. ডব্লিউ. টেলর (F.W. Taylor) ব্যবস্থাপনার ইতিহাসে গুরুত্বপূর্ণ স্থান অধিকার করেছেন কারণ তিনি ব্যবস্থাপনাকে বৈজ্ঞানিক পদ্ধতির উপর ভিত্তি করে গড়ে তুলেছিলেন। তিনি ব্যবস্থাপনার কাজকে পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও পরীক্ষার মাধ্যমে দক্ষতার সঙ্গে সম্পাদনের উপায় বের করেন।

1. **বৈজ্ঞানিক বিশ্লেষণ:** কাজকে ছোট ছোট অংশে ভাগ করে প্রতিটি ধাপকে বৈজ্ঞানিকভাবে বিশ্লেষণ করেন।
2. **সময় ও গতি অধ্যয়ন:** কাজ সম্পন্ন করতে কত সময় লাগে এবং কীভাবে দ্রুত করা যায় তা নির্ধারণ করেন।
3. **মান নির্ধারণ:** প্রতিটি কাজের জন্য মান ও পদ্ধতি নির্ধারণ করে দক্ষতা বাড়ানোর পথ তৈরি করেন।
4. **কর্মী নির্বাচন ও প্রশিক্ষণ:** দক্ষ কর্মী নির্বাচন ও সঠিক প্রশিক্ষণের মাধ্যমে উৎপাদনশীলতা বাড়ানোর পদ্ধতি দেন।

পরিশেষে বলা যায়, টেলরের গবেষণা ও তত্ত্ব ব্যবস্থাপনাকে একটি বিজ্ঞান হিসেবে প্রতিষ্ঠিত করেছে, এজন্যই তিনি ‘বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক’ নামে পরিচিত।

প্রশ্ন-১৫: অঁরি ফেয়োল (Henri Fayol) কেন আধুনিক কার্যকর ব্যবস্থাপনার জনক নামে পরিচিত? (এপ্রিল-২০২০)

অঁরি ফেয়োলকে আধুনিক কার্যকর ব্যবস্থাপনার জনক বলা হয় কারণ তিনিই প্রথম প্রতিষ্ঠান পরিচালনার জন্য একটি পূর্ণাঙ্গ ও সংগঠিত পদ্ধতি উপস্থাপন করেন। তার ধারণাগুলো আজও ব্যবস্থাপনা বিজ্ঞানের মূল ভিত্তি হিসেবে ব্যবহৃত হচ্ছে। নিচে তার অবদানগুলো উল্লেখ করা হলো

১. **১৪টি ব্যবস্থাপনা নীতি (14 Management Principles):** ফেয়োল “কাজের বিভাজন”, “আদেশের ঐক্য” ইত্যাদির মতো স্পষ্ট নীতি প্রণয়ন করেন, যা আজও সব প্রতিষ্ঠানে ব্যবহৃত হয়।

২. **৫টি ব্যবস্থাপনা কার্যাবলি (5 Management Functions):** তিনি ব্যবস্থাপনার মৌলিক পাঁচটি কাজ চিহ্নিত করেন –

- পরিকল্পনা (Planning)
- সংগঠন (Organizing)
- আদেশ প্রদান (Commanding)
- সমন্বয় (Coordinating)
- নিয়ন্ত্রণ (Controlling)

৩. **পুরো প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে (Whole-Company Approach):** যেখানে টেলর কেবল শ্রমিক ব্যবস্থাপনার দিকে মনোযোগ দেন, ফেয়োল পুরো প্রতিষ্ঠান কীভাবে পরিচালিত হবে তা ব্যাখ্যা করেন।

৪. **সর্বজনীন প্রয়োগযোগ্যতা (Universal Application):** তার নীতিগুলো কারখানা, বিদ্যালয়, হাসপাতালসহ সব ধরনের প্রতিষ্ঠানে কার্যকরভাবে প্রয়োগ করা যায়।

উদাহরণ: একটি রেস্টুরেন্টে ফেয়োলের ধারণা অনুযায়ী –

- কাজ ভাগ করে দেওয়া হয় (রান্নার কাজ, সার্ভিসের কাজ)।
- আগেভাগে মেনু পরিকল্পনা করা হয়।
- স্পষ্ট নেতৃত্ব নিশ্চিত করা হয় (একজন ব্যবস্থাপক)।
- খাদ্যের মান নিয়ন্ত্রণ করা হয়।

প্রশ্ন-১৬: বৈজ্ঞানিক ব্যবস্থাপনার মূল নীতিগুলো উল্লেখ করো। “বৈজ্ঞানিক ব্যবস্থাপনা একটি মানসিক বিপ্লব” – মন্তব্য করো। (অক্টোবর-২০১৮)

বৈজ্ঞানিক ব্যবস্থাপনার নীতিমালা: এফ. ডব্লিউ. টেলর প্রদত্ত বৈজ্ঞানিক ব্যবস্থাপনা এমন কিছু মূল নীতির ওপর ভিত্তি করে গঠিত যা উৎপাদনশীলতা বৃদ্ধি ও দক্ষতা অর্জনে সহায়তা করে। প্রধান নীতিগুলো হলো –

- বৈজ্ঞানিক পদ্ধতির ব্যবহার (Use of Science):** কাজ সম্পাদনের সর্বোত্তম পদ্ধতি খুঁজে বের করতে বৈজ্ঞানিক বিশ্লেষণ ব্যবহার করা।
- কর্মী নির্বাচন ও প্রশিক্ষণ (Selection and Training):** যোগ্য কর্মী নির্বাচন করা এবং তাদের যথাযথ প্রশিক্ষণ দেওয়া।
- সহযোগিতা ও দলগত মনোভাব (Cooperation):** ব্যবস্থাপক ও কর্মীদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও বিশ্বাস স্থাপন করা।
- কাজের সুসম বণ্টন (Division of Work):** কাজ ব্যবস্থাপক ও কর্মীদের মধ্যে সঠিকভাবে ভাগ করে দেওয়া যাতে উভয় পক্ষ তাদের দক্ষতা অনুযায়ী কাজ করতে পারে।

“বৈজ্ঞানিক ব্যবস্থাপনা একটি মানসিক বিপ্লব” – মন্তব্য:

টেলর এটিকে “মানসিক বিপ্লব” বলেছেন কারণ এটি ব্যবস্থাপক ও কর্মী উভয়ের চিন্তাধারায় মৌলিক পরিবর্তন আনে।

- কর্মীদের মানসিকতা পরিবর্তন:** কর্মীদের উচিত কাজ ধীরগতিতে না করে সর্বোচ্চ দক্ষতার সঙ্গে সম্পাদন করা এবং বুঝতে হবে যে উৎপাদনশীলতা বৃদ্ধি তাদের আয়ও বাড়াবে।
- ব্যবস্থাপকদের মানসিকতা পরিবর্তন:** ব্যবস্থাপকদের উচিত কর্মীদের শুধু যন্ত্র হিসেবে না দেখে তাদের দক্ষতা বৃদ্ধিতে বিনিয়োগ করা এবং ন্যায্য মজুরি প্রদান করা।

উদাহরণ: আগে শ্রমিকরা নিজেদের চাকরি বাঁচানোর জন্য ভালো পদ্ধতি গোপন রাখত এবং ব্যবস্থাপকরা সমান মজুরি দিতেন। কিন্তু বৈজ্ঞানিক ব্যবস্থাপনা প্রয়োগের পর পদ্ধতি ভাগাভাগি করে দক্ষতা বৃদ্ধি পায় এবং উভয় পক্ষের লাভ নিশ্চিত হয়।

প্রশ্ন-১৭: বৈজ্ঞানিক ব্যবস্থাপনার নীতিমালা কীভাবে সফল ব্যবস্থাপনা অর্জনে সহায়তা করে তা ব্যাখ্যা করো। (অক্টোবর-২০২১)

অথবা, বৈজ্ঞানিক ব্যবস্থাপনা কীভাবে প্রতিষ্ঠানের সাফল্য বৃদ্ধিতে অবদান রাখতে পারে? (নভেম্বর-২০২৫)

এফ. ডব্লিউ. টেলরের বৈজ্ঞানিক ব্যবস্থাপনার নীতিমালা প্রতিষ্ঠানের দক্ষতা, ন্যায্যতা এবং প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এটি নিম্নলিখিত উপায়ে সফল ব্যবস্থাপনা নিশ্চিত করে —

- সর্বোত্তম পদ্ধতির মাধ্যমে উৎপাদন বৃদ্ধি (Best Methods = Higher Productivity):** অনুমানের পরিবর্তে পরীক্ষিত পদ্ধতি ব্যবহারের ফলে উৎপাদন বাড়ে। **উদাহরণ:** একটি কারখানা সময় ও গতি বিশ্লেষণ ব্যবহার করলে একই সময়ে বেশি পণ্য উৎপাদন করা যায়।
- সহযোগিতা ও সংঘাত হ্রাস (Teamwork Over Conflict):** ব্যবস্থাপক ও কর্মীদের মধ্যে সহযোগিতার পরিবেশ গড়ে ওঠে, সংঘাত কমে যায়। **উদাহরণ:** বেশি পরিশ্রমের জন্য ন্যায্য মজুরি দিলে শ্রমিক অসন্তোষ কমে যায়।
- দক্ষ কর্মী দ্বারা উন্নত ফলাফল (Skilled Workers = Better Results):** প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীরা দক্ষতার সঙ্গে কাজ করে এবং ভুল কমায়। **উদাহরণ:** প্রশিক্ষিত কর্মী কাজের সঠিক পদ্ধতি জানে বলে অপচয় কম হয়।
- ন্যায্য পুরস্কার প্রদান (Fair Rewards Motivate Everyone):** কাজের ফলাফলের সাথে মজুরি যুক্ত থাকলে কর্মীরা বেশি পরিশ্রম করে। **উদাহরণ:** বোনাস ব্যবস্থা কর্মীদের উৎসাহ বাড়াতে ও কাজের মান উন্নত করে।

কেন এটি কার্যকর:

- খরচ কমিয়ে গুণগত মান বাড়াতে।
- কর্মী ও ব্যবস্থাপকের মধ্যে বিশ্বাস তৈরি করে।
- সাফল্যকে পরিমাপযোগ্য ও পুনরাবৃত্তিযোগ্য করে তোলে।

প্রশ্ন-১৮: হেনরি ফেয়োল প্রস্তাবিত ব্যবস্থাপনার নীতিগুলো কী কী? (অক্টোবর-২০১৮)

হেনরি ফেয়োল আধুনিক ব্যবস্থাপনা তত্ত্বের ভিত্তি স্থাপন করেন এবং তিনি ১৪টি মৌলিক নীতি প্রস্তাব করেন যা আজও প্রতিটি প্রতিষ্ঠানে ব্যবস্থাপনার দিকনির্দেশনা হিসেবে ব্যবহৃত হয়। এগুলো হলো —

- কাজের বিভাজন (Division of Work):** কাজকে ছোট ছোট ভাগে ভাগ করে বিশেষায়িতভাবে সম্পাদন করলে দক্ষতা বাড়ে।
- কর্তৃত্ব ও দায়িত্ব (Authority and Responsibility):** ব্যবস্থাপকের সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা থাকতে হবে এবং সেইসাথে তার জন্য জবাবদিহিতাও থাকতে হবে।
- শৃঙ্খলা (Discipline):** সুস্পষ্ট নিয়ম, বিধি এবং তা মেনে চলা প্রতিষ্ঠান পরিচালনার জন্য অপরিহার্য।
- আদেশের ঐক্য (Unity of Command):** প্রত্যেক কর্মী কেবল একজন কর্মকর্তার অধীন থেকে নির্দেশ গ্রহণ করবে।

5. **দিকনির্দেশনার ঐক্য (Unity of Direction):** একই লক্ষ্য অর্জনের জন্য একই পরিকল্পনার অধীনে সবাইকে কাজ করতে হবে।
6. **ব্যক্তিগত স্বার্থের অধীনস্থতা (Subordination of Individual Interest):** ব্যক্তিগত স্বার্থের চেয়ে দলের বা প্রতিষ্ঠানের স্বার্থকে অগ্রাধিকার দিতে হবে।
7. **ন্যায্য পারিশ্রমিক (Remuneration):** ন্যায্য বেতন ও পুরস্কার কর্মীদের অনুপ্রাণিত করে।
8. **কেন্দ্রীকরণ (Centralization):** সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ব্যবস্থাপকের হাতে কেন্দ্রীভূত থাকবে, তবে প্রয়োজনে তা অধীনস্থদের মধ্যেও ভাগ করে দেওয়া যেতে পারে।
9. **ক্রমশৃঙ্খল (Scalar Chain):** উপরের স্তর থেকে নিচের স্তর পর্যন্ত স্পষ্ট কমান্ড চেইন থাকতে হবে।
10. **শৃঙ্খলাবদ্ধতা (Order):** সঠিক মানুষ ও উপকরণকে সঠিক স্থানে রাখা উচিত।
11. **ন্যায্যবিচার (Equity):** কর্মীদের প্রতি সদয় ও ন্যায্য আচরণ করতে হবে।
12. **কর্মস্থায়িত্বের স্থিতিশীলতা (Stability of Tenure):** অপ্রয়োজনীয় কর্মী পরিবর্তন এড়িয়ে স্থিতিশীলতা বজায় রাখতে হবে।
13. **উদ্যোগ গ্রহণে উৎসাহ (Initiative):** কর্মীদের নতুন ধারণা ও প্রস্তাব দেওয়ার সুযোগ দিতে হবে।
14. **দলীয় চেতনা (Esprit de Corps):** দলীয় চেতনা ও একাত্মতা কর্মদক্ষতা বাড়ায়।

পরিশেষে বলা যায়, হেনরি ফেয়োলার এই ১৪টি নীতি যেকোনো প্রতিষ্ঠানের কার্যকর ব্যবস্থাপনা ও দীর্ঘমেয়াদি সাফল্যের জন্য মৌলিক দিকনির্দেশনা হিসেবে বিবেচিত।

প্রশ্ন-১৯: “ব্যাকের কর্পোরেট নেতা জন্মগত নয়, বরং তৈরি হয়” – তুমি কি একমত? (এপ্রিল-২০২০)

অথবা, রাজনৈতিক নেতা জন্মগত, কিন্তু কর্পোরেট নেতা গড়ে ওঠে” —বাংলাদেশের ব্যাকের প্রশ্নপটে আপনার মতামত প্রদান করুন। (নভেম্বর-২০২৫)

হ্যাঁ, আমি একমত। একজন দক্ষ কর্পোরেট নেতা জন্মগতভাবে তৈরি হন না, বরং শিক্ষা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও ধারাবাহিক প্রচেষ্টার মাধ্যমে গড়ে ওঠেন। ব্যাকিং খাতে নেতৃত্ব দেওয়ার জন্য যে গুণাবলির প্রয়োজন, তা অর্জনযোগ্য এবং সময়ের সাথে সাথে বিকশিত হয়। এর কারণগুলো হলো —

1. **দক্ষতা অর্জনযোগ্য (Skills Can Be Learned):** নেতৃত্বের জন্য অর্থনীতি, বুদ্ধি ব্যবস্থাপনা ও দল পরিচালনার মতো বিষয়গুলো শেখা যায়। একজন নেতা অভিজ্ঞতার মাধ্যমে ধীরে ধীরে এই দক্ষতাগুলো আয়ত্ত করেন।
2. **শিক্ষার গুরুত্ব (Education Matters):** অধিকাংশ ব্যাক নেতা উচ্চতর শিক্ষা যেমন এমবিএ, ফাইন্যান্স ডিগ্রি বা পেশাগত সনদ অর্জন করে থাকেন। শিক্ষা তাদের নেতৃত্বের জ্ঞান ও দৃষ্টিভঙ্গি সমৃদ্ধ করে।
3. **অভিজ্ঞতা নেতৃত্ব গড়ে তোলে (Experience Shapes Leaders):** বাস্তব অভিজ্ঞতা যেমন আর্থিক সংকট মোকাবিলা, সিদ্ধান্ত গ্রহণ ও জটিল পরিস্থিতি সামালানোর মাধ্যমে একজন ব্যক্তি পরিণত নেতা হয়ে ওঠেন।
4. **নরম দক্ষতা বিকশিত হয় (Soft Skills Are Developed):** যোগাযোগ দক্ষতা, নৈতিক আচরণ, অভিযোজন ক্ষমতা ও নেতৃত্বের অন্যান্য গুণাবলি প্রশিক্ষণ ও পরামর্শের মাধ্যমে বিকশিত হয়।

প্রশ্ন-২০: ব্যবস্থাপনা চিন্তার বিকাশ সম্পর্কে বর্ণনা করো। (অক্টোবর-২০২৩)

ব্যবস্থাপনা চিন্তার বিকাশ (Evolution of Management Thought) বলতে বোঝায় সময়ের সঙ্গে সঙ্গে ব্যবস্থাপনা সম্পর্কিত ধারণা, নীতি ও পদ্ধতির পরিবর্তন ও উন্নয়নের ধারা। এটি বিভিন্ন যুগে ভিন্ন ভিন্ন তত্ত্ব ও পদ্ধতির মাধ্যমে আজকের আধুনিক ব্যবস্থাপনা রূপ নিয়েছে। এর প্রধান ধাপগুলো নিচে তুলে ধরা হলো —

১. প্রাথমিক যুগ (Early – Pre-1900s):

- ব্যবস্থাপনা তখন কোনো নির্দিষ্ট নীতি বা তত্ত্বের ওপর ভিত্তি করে গঠিত ছিল না।
- কাজ সাধারণত অভিজ্ঞতা, পারিবারিক ঐতিহ্য বা প্রথাগত পদ্ধতির মাধ্যমে পরিচালিত হতো।
- উদাহরণস্বরূপ, পেশাগত সংঘ (craft guilds) সদস্যরা অভিজ্ঞতার ভিত্তিতে উৎপাদন পরিচালনা করত।

২. শাস্ত্রীয় যুগ (Classical Era – 1900s-1920s):

- **বৈজ্ঞানিক ব্যবস্থাপনা (Scientific Management – Taylor):** দক্ষতা ও উৎপাদনশীলতার ওপর জোর দিয়ে “একটি সর্বোত্তম পদ্ধতি” নির্ধারণের তত্ত্ব উপস্থাপন করা হয়।

- **প্রশাসনিক তত্ত্ব (Administrative Theory – Fayol):** সংগঠন পরিচালনার জন্য ১৪টি মৌলিক নীতি প্রণয়ন করা হয়, যেমন “আদেশের ঐক্য” ও “কাজের বিভাজন”।

৩. মানব সম্পর্ক যুগ (Human Relations – 1930s–1950s):

- **হথর্ন গবেষণা (Hawthorne Studies):** কর্মীদের মনোবল, সামাজিক চাহিদা ও দলগত সম্পর্ক উৎপাদনশীলতার ওপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে তা প্রমাণ করে।
- **মাসলো’র চাহিদার স্তরবিদ্যা (Maslow’s Hierarchy):** প্রেরণার গুরুত্ব তুলে ধরে, যেমন বেতন, সম্মান, ব্যক্তিগত উন্নয়ন ইত্যাদি।

৪. আধুনিক যুগ (Modern Approaches – 1960s–বর্তমান):

- **সিস্টেম তত্ত্ব (Systems Theory):** প্রতিষ্ঠানকে একটি পারস্পরিক নির্ভরশীল অংশের সমন্বিত ব্যবস্থা হিসেবে বিবেচনা করে। যেমন: বিভিন্ন বিভাগ একসাথে কাজ করে লক্ষ্য অর্জন করে।
- **পরিস্থিতিগত তত্ত্ব (Contingency Theory):** একক কোনো “সর্বোত্তম পদ্ধতি” নেই; পরিস্থিতি অনুযায়ী ব্যবস্থাপনা কৌশল পরিবর্তন করতে হয়।
- **ডিজিটাল যুগ (Digital Age):** প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনা যেমন কৃত্রিম বুদ্ধিমত্তা (AI), দূরবর্তী কাজ ও ডেটা বিশ্লেষণ ব্যবস্থাপনাকে নতুন রূপ দিয়েছে।

প্রশ্ন-২১: ব্যবস্থাপনা বিশ্লেষণের ধারা (Pattern of Management Analysis) আলোচনা করো। (মে-২০২২)

ব্যবস্থাপনা বিশ্লেষণ হলো একটি কাঠামোবদ্ধ প্রক্রিয়া যার মাধ্যমে প্রতিষ্ঠান সমস্যাগুলো শনাক্ত করে, কারণ বিশ্লেষণ করে, সমাধান তৈরি করে এবং দক্ষতা বৃদ্ধি করে। এটি ধাপে ধাপে সম্পন্ন হয় এবং প্রতিটি ধাপ একে অপরের সঙ্গে সম্পর্কিত। এর মূল ধাপগুলো নিচে উল্লেখ করা হলো —

1. **সমস্যা শনাক্তকরণ (Identify the Problem):** প্রথম ধাপে প্রতিষ্ঠানের বর্তমান সমস্যা বা চ্যালেঞ্জ শনাক্ত করা হয়।
উদাহরণ: একটি ব্যাংকে গ্রাহকের অভিযোগ হঠাৎ বেড়ে গেলে সেটি সমস্যার ইঙ্গিত দেয়।
2. **তথ্য সংগ্রহ (Gather Data):** সমস্যার প্রকৃতি ও পরিসর বোঝার জন্য প্রয়োজনীয় তথ্য প্রতিবেদন, জরিপ বা পর্যবেক্ষণের মাধ্যমে সংগ্রহ করা হয়।
উদাহরণ: অভিযোগের রেকর্ড ও কর্মীদের মতামত বিশ্লেষণ করা।
3. **কারণ বিশ্লেষণ (Analyze Causes):** সমস্যার মূল কারণ খুঁজে বের করার জন্য SWOT বিশ্লেষণ বা root-cause analysis এর মতো পদ্ধতি ব্যবহার করা হয়।
উদাহরণ: অভিযোগের কারণ কর্মীদের প্রশিক্ষণের অভাব নাকি সিস্টেম ত্রুটি তা নির্ধারণ করা।
4. **সমাধান তৈরি (Develop Solutions):** সমস্যার সমাধানের জন্য বিভিন্ন বিকল্প পদ্ধতি চিন্তা করা ও পরিকল্পনা করা হয়।
উদাহরণ: কর্মীদের জন্য নতুন গ্রাহকসেবা প্রশিক্ষণ কর্মসূচি চালু করা।
5. **বাস্তবায়ন ও পর্যবেক্ষণ (Implement and Monitor):** নির্বাচিত সমাধান বাস্তবায়ন করা হয় এবং এর প্রভাব পর্যবেক্ষণ করা হয়।
উদাহরণ: প্রশিক্ষণ শেষে অভিযোগ কমেছে কিনা তা পরীক্ষা করা।
6. **মূল্যায়ন ও উন্নয়ন (Review and Improve):** ফলাফলের ভিত্তিতে কৌশল মূল্যায়ন করা হয় এবং প্রয়োজনে আরও উন্নয়ন করা হয়।
উদাহরণ: সমস্যা পুরোপুরি সমাধান না হলে প্রশিক্ষণ পদ্ধতি আরও উন্নত করা।

প্রশ্ন-২২: একটি প্রতিষ্ঠানে প্রশাসক (Administrator) ও ব্যবস্থাপক (Manager)-এর মধ্যে পার্থক্য নিরূপণ করো। (অক্টোবর-২০২৩)

একটি প্রতিষ্ঠানে প্রশাসক এবং ব্যবস্থাপক উভয়েই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন, তবে তাদের কাজের ধরণ, দায়িত্ব, লক্ষ্য এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্র একে অপরের থেকে আলাদা। নিচে পূর্ণ বাক্যে তাদের পার্থক্য তুলে ধরা হলো -

বিষয়	প্রশাসক (Administrator)	ব্যবস্থাপক (Manager)
-------	-------------------------	----------------------

১. সংজ্ঞা (Definition)	প্রশাসক হলেন সেই ব্যক্তি যিনি প্রতিষ্ঠানের নীতি নির্ধারণ করেন এবং দীর্ঘমেয়াদি লক্ষ্য স্থির করেন।	ব্যবস্থাপক হলেন সেই ব্যক্তি যিনি প্রশাসকের নির্ধারিত নীতি বাস্তবায়ন করেন এবং দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করেন।
২. সিদ্ধান্তের স্তর (Decision Level)	প্রশাসক কৌশলগত পর্যায়ের সিদ্ধান্ত গ্রহণ করেন, যেমন প্রতিষ্ঠানের বাজার সম্প্রসারণ বা নতুন প্রকল্প শুরু করা।	ব্যবস্থাপক কার্যকরী পর্যায়ের সিদ্ধান্ত নেন, যেমন দলের কাজের প্রবাহ নিয়ন্ত্রণ ও পরিকল্পনা বাস্তবায়ন।
৩. সময়কেন্দ্রিকতা (Time Focus)	প্রশাসক দীর্ঘমেয়াদি লক্ষ্য ও পরিকল্পনা (৩-৫ বছর বা তার বেশি সময়ের জন্য) নিয়ে কাজ করেন।	ব্যবস্থাপক স্বল্পমেয়াদি লক্ষ্য (সপ্তাহ বা মাস ভিত্তিক) অর্জনের জন্য কাজ করেন।
৪. জবাবদিহিতা (Accountability)	প্রশাসক শেয়ারহোল্ডার, বোর্ড বা প্রতিষ্ঠানের মালিকদের কাছে জবাবদিহি করেন।	ব্যবস্থাপক প্রশাসকদের বা উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে জবাবদিহি করেন।

প্রশ্ন-২৩: একটি প্রতিষ্ঠানের কার্যকর ব্যবস্থাপনা গঠনে ‘Management Role Theory’ ব্যাখ্যা করো। (এপ্রিল-২০১৯)

Management Role Theory হেনরি মিন্টজবার্গ (Henry Mintzberg) প্রস্তাব করেন এবং পরবর্তীতে কুন্টজ ও ওয়েহরিচ (Koontz & Wehrich) তা সমর্থন করেন। এই তত্ত্ব অনুযায়ী, একজন ব্যবস্থাপক কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করতে ১০টি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এই ভূমিকা তিনটি প্রধান শ্রেণিতে ভাগ করা যায় —

১. আন্তঃব্যক্তিক ভূমিকা (Interpersonal Roles – People-Focused):

এই ভূমিকার মাধ্যমে ব্যবস্থাপক মানুষের সাথে সম্পর্ক তৈরি ও বজায় রাখেন, যা দলকে একত্রিত করে এবং প্রতিষ্ঠানের কার্যক্রম সহজ করে।

- **প্রতীকী প্রতিনিধি (Figurehead):** প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক প্রতিনিধি হিসেবে কাজ করেন, যেমন – চুক্তিপত্রে স্বাক্ষর করা বা অনুষ্ঠানে অংশ নেওয়া।
- **নেতা (Leader):** কর্মীদের অনুপ্রাণিত করা, সংঘাত নিরসন করা এবং দলকে লক্ষ্য অর্জনের দিকে পরিচালিত করা।
- **যোগাযোগকারী (Liaison):** প্রতিষ্ঠানের বাইরের অংশীদার, ক্লায়েন্ট বা অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে সম্পর্ক গড়ে তোলা।

২. তথ্যভিত্তিক ভূমিকা (Informational Roles – Knowledge-Based):

এই ভূমিকার মাধ্যমে ব্যবস্থাপক তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও বিতরণ করেন, যা সঠিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে।

- **পর্যবেক্ষক (Monitor):** প্রতিষ্ঠানের কার্যক্রম ও পারফরম্যান্স সম্পর্কে তথ্য সংগ্রহ করা।
- **তথ্য পরিবেশক (Disseminator):** সংগৃহীত তথ্য কর্মীদের মধ্যে ভাগ করে দেওয়া।
- **প্রবক্তা (Spokesperson):** প্রতিষ্ঠানের তথ্য ও বার্তা বহির্বিশ্বের কাছে উপস্থাপন করা, যেমন – মিডিয়া বা বিনিয়োগকারীদের কাছে বক্তব্য রাখা।

৩. সিদ্ধান্তমূলক ভূমিকা (Decisional Roles – Action-Oriented):

এই ভূমিকার মাধ্যমে ব্যবস্থাপক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং প্রতিষ্ঠানকে অগ্রসর করার জন্য পদক্ষেপ নেন।

- **উদ্ভাবক (Entrepreneur):** নতুন ধারণা ও কৌশল বাস্তবায়নের মাধ্যমে উদ্ভাবন চালানো।
- **সংকট সমাধানকারী (Disturbance Handler):** অপ্রত্যাশিত সমস্যা বা সংকট মোকাবিলা করা।
- **সম্পদ বণ্টনকারী (Resource Allocator):** বাজেট, জনবল ও সরঞ্জাম সঠিকভাবে বণ্টন করা।
- **আলোচক (Negotiator):** চুক্তি, লেনদেন বা বিরোধ নিষ্পত্তির জন্য আলোচনা পরিচালনা করা।

প্রশ্ন-২৪: হেনরি মিন্টজবার্গের ব্যবস্থাপনার ভূমিকা পদ্ধতি (Managerial Role Approach) আলোচনা করো এবং বাংলাদেশের ইসলামী ব্যাংকে এর প্রয়োগ ব্যাখ্যা করো। (অক্টোবর-২০২৩)

হেনরি মিন্টজবার্গের “Managerial Role Approach” অনুযায়ী, একজন ব্যবস্থাপক সংগঠনকে দক্ষভাবে পরিচালনা করার জন্য ১০টি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন, যা তিনটি প্রধান শ্রেণিতে বিভক্ত। এই ভূমিকা ইসলামী ব্যাংকগুলোর ক্ষেত্রেও সমানভাবে প্রযোজ্য, কারণ এগুলো ব্যবস্থাপকদেরকে শরিয়াহ-সম্মত, নৈতিক ও কার্যকরভাবে প্রতিষ্ঠান পরিচালনায় সহায়তা করে।

১. আন্তঃব্যক্তিক ভূমিকা (Interpersonal Roles):

এই ভূমিকার মাধ্যমে ব্যবস্থাপক সম্পর্ক গঠন ও নেতৃত্বের মাধ্যমে প্রতিষ্ঠানের কার্যক্রম এগিয়ে নিয়ে যান।

- **প্রতীকী প্রতিনিধি (Figurehead):** শরিয়াহ বোর্ডের চেয়ারম্যান নৈতিক নেতৃত্বের প্রতীক হিসেবে কাজ করেন এবং ব্যাংকের শরিয়াহ-ভিত্তিক ভাবমূর্তি তুলে ধরেন।

- **নেতা (Leader):** শাখা ব্যবস্থাপক কর্মীদের ইসলামী নীতিমালা (যেমন লাভ ভাগাভাগি মডেল) মেনে চলতে অনুপ্রাণিত করেন।
- **যোগাযোগকারী (Liaison):** বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সম্পর্ক তৈরি ও রক্ষণাবেক্ষণ করেন।

২. তথ্যভিত্তিক ভূমিকা (Informational Roles):

এই ভূমিকার মাধ্যমে ব্যবস্থাপক তথ্য সংগ্রহ, বিতরণ ও উপস্থাপনের মাধ্যমে সঠিক সিদ্ধান্ত নিতে সহায়তা করেন।

- **পর্যবেক্ষক (Monitor):** শরিয়াহ আইন অনুযায়ী লেনদেন হচ্ছে কিনা তা নিরীক্ষণ করেন এবং হালাল লেনদেন নিশ্চিত করেন।
- **তথ্য পরিবেশক (Disseminator):** কর্মীদেরকে ইসলামী আর্থিক পণ্য যেমন মুদারাবা ও মুরাবাহা সম্পর্কে প্রশিক্ষণ দেন।
- **প্রবক্তা (Spokesperson):** ব্যাংকের নৈতিক কার্যক্রম ও আর্থিক অবস্থার তথ্য শেয়ারহোল্ডার ও অন্যান্য অংশীদারদের কাছে উপস্থাপন করেন।

৩. সিদ্ধান্তমূলক ভূমিকা (Decisional Roles):

